

Mr. D.K.N.
30/04/2026

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট# এফ ১/এ,
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
[কর নীতি উইং]

DO M (M.R.)
26/8/25

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩২.৩২.০০৩.২৪/৫

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: 'পদ্মা অয়েল পিএলসি', 'মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড' ও 'যমুনা অয়েল কোম্পানি লিমিটেড' এর কর্মকর্তা-কর্মচারীগণের "চাকুরী হতে আয়" খাতে করযোগ্য আয় নিব্বরণ প্রসঙ্গে।

সূত্র: (১) যমুনা অয়েল কোম্পানি লিমিটেড এর স্মারক নং-২৮.২৪.০০০০.০১০.০৫.০০৮.২৪, তারিখ: ১৭ ডিসেম্বর ২০২৫
(২) মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর স্মারক নং-২৮.২৩.০০০০.১০১.০৩.২৯৮.২৫, তারিখ: ২৮ ডিসেম্বর ২০২৫
(৩) পদ্মা অয়েল পিএলসি এর স্মারক নং-২৮.২২.০০০০.১০০.০২বি.০০১.২৬/০১, তারিখ: ৭ জানুয়ারি ২০২৬

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে 'পদ্মা অয়েল পিএলসি', 'মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড', 'যমুনা অয়েল কোম্পানি লিমিটেড' এর কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রদত্ত মূল বেতন ও উৎসব বোনাস ব্যতীত বিভিন্ন ধরনের ভাতা ও সুবিধাদি করমুক্ত সুবিধার তালিকায় অন্তর্ভুক্ত করে, জাতীয় রাজস্ব বোর্ড এর এস.আর.ও. নং ২২৫-আইন/আয়কর-০৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ এর অধীন আয়কর প্রদান ও রিটার্ন দাখিলের অনুমোদন চেয়ে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করা হয়। বিষয়টি পর্যালোচনান্তে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং থেকে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

“যেহেতু, 'পদ্মা অয়েল পিএলসি', 'মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড' ও 'যমুনা অয়েল কোম্পানি লিমিটেড' রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান, ফলে জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও. নং-২২৫-আইন/আয়কর-০৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ ও অর্থ বিভাগ এর বাস্তবায়ন অনুবিভাগ এর এস.আর.ও. নং-৩৭০-আইন/২০১৫, তারিখ-১৫ ডিসেম্বর, ২০১৫ অর্থাৎ চাকুরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহের সকল কর্মচারী “সরকারী বেতন আদেশভুক্ত কর্মচারী” বলে গণ্য হবে। এমতাবস্থায়, অর্থ বিভাগ এর বাস্তবায়ন অনুবিভাগ এর এস.আর.ও. নং-৩৭০-আইন/২০১৫, তারিখ-১৫ ডিসেম্বর, ২০১৫ আদেশের অধীন উক্ত প্রতিষ্ঠানসমূহের কর্মচারীগণের মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস, যে নামেই অভিহিত হউক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্পগ্র্যান্টসহ কেবল সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদেয় আয়কর হতে অব্যাহতিপ্রাপ্ত হবে।

যমুনা অয়েল কোম্পানি লিমিটেড
২২/৪/২৬
১০৬
৫৫৫
Finance (Accounts & Audit)
৫৫৫

তবে, সরকারি বেতন আদেশ বহির্ভূত যে কোনো বেতন, ভাতা, বোনাস বা অন্য যেকোনো প্রাপ্তি/সুবিধা তা, যে নামেই অভিহিত করা হোক না কেন, করযোগ্য আয় হিসেবে পরিগণিত হবে।”

 13/4/26
(মোঃ নাজমুল হোসেন)
দ্বিতীয় সচিব (কর বিধি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

২। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল পিএলসি, ঢাকা।

✓ ৩। ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড।

পত্র নম্বর- ০৮.০১.০০০০.০৩২.৩২.০০৩.২৪/৫

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কর কমিশনার, কর অঞ্চল-২, চট্টগ্রাম।

২। কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

৩। কর কমিশনার, কর অঞ্চল-৬, চট্টগ্রাম।

মোঃ নাজমুল হোসেন
দ্বিতীয় সচিব (কর বিধি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা